

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং ওএম-৩৭সি-২(অংশ-১)/০৭/১৮১৩

তারিখ: ০৫/০৯/২০১৯

বিষয়: বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সহযোগী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাগণের অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে বিষয়ভিত্তিক খসড়া তালিকা প্রকাশ।

বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সহযোগী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাগণের অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে বিষয়ভিত্তিক খসড়া তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রদর্শন করা হলো। খসড়া তালিকায় যে সকল কর্মকর্তার নামের পাশে মন্তব্য কলামে 'এসিআর নেই' সংক্রান্ত মন্তব্য রয়েছে সে সকল কর্মকর্তাকে আগামী ১৯/০৯/২০১৯ তারিখের মধ্যে উপপরিচালক (কলেজ-১) এর নিকট সরাসরি এসিআর জমাদানের জন্য অনুরোধ করা হলো। এসিআর সংক্রান্ত কোন ত্রুটির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাকে স্বশরীরে উপস্থিত হয়ে উপযুক্ত প্রমাণক বা ব্যাখ্যাসহ ত্রুটি সংশোধন করতে হবে। এসিআর ছাড়া অন্য যে কোন ভুল যেমন বর্তমান কর্মস্থল (কোন কলেজে সংযুক্ত থাকলে কলেজের নাম অবশ্যই উল্লেখ করতে হবে), নিয়োগ ও যোগদানের তারিখ, স্থায়ীকরণের তারিখ, জন্ম তারিখ, নিজ জেলা, তালিকায় অন্তর্ভুক্ত কোন কর্মকর্তার মৃত্যুবরণ, চাকুরী হতে অব্যাহতি, জ্যেষ্ঠতা সংক্রান্ত আপত্তি অথবা খসড়া তালিকায় নাম না থাকলে তাঁদেরকে প্রামাণ্য কাগজপত্রসহ আবেদন আগামী ১৯/০৯/২০১৯ তারিখের মধ্যে ddgovtcollassociate@gmail.com এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ড. শাহ মো: আমির আলী-৪৭৪১)
উপপরিচালক (কলেজ-১)
ফোন: ৯৫৫৮৫০৫

অনুলিপি:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/ মাদ্রাসা-ই-আলিয়া/ সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ এনসিটিবি/ সকল বোর্ড/ ডিআইএ/ নায়েম/ এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ। উল্লেখ্য যে, তালিকার অন্তর্ভুক্ত কোন কর্মকর্তা মৃত্যুবরণ করলে এবং চাকুরী হতে অব্যাহতি পেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বিষয়টি অত্র অধিদপ্তর-কে অবহিত করবেন।
- ৩। সংরক্ষণ নথি।